

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

শনিবার, জানুয়ারি ২৪, ২০১৫

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ

প্রজ্ঞাপন

তারিখ: ১০ মাঘ, ১৪২১/২৩ জানুয়ারি, ২০১৫

নং ০৪.৪২৩.০২২.০২.০০১.২০১০-১১—সরকার এই মর্মে সিদ্ধান্ত গ্রহণ করেছে যে, সউদি আরবের মহামান্য বাদশাহ্, বাংলাদেশের অকৃত্রিম বন্ধু, বাদশাহ্ আবদুল্লাহ বিন আবদুল আজিজ আল-সউদের ইস্তিকালে ২৪ জানুয়ারি ২০১৫ শনিবার বাংলাদেশে রাষ্ট্রীয়ভাবে শোক পালন করা হবে।

২। এ উপলক্ষে আগামীকাল ২৪ জানুয়ারি ২০১৫ শনিবার বাংলাদেশের সকল সরকারি, আধাসরকারি ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান এবং শিক্ষা প্রতিষ্ঠানসহ সকল সরকারি ও বেসরকারি ভবন এবং বিদেশস্থ বাংলাদেশ মিশনসমূহে জাতীয় পতাকা অর্ধনমিত থাকবে।

৩। সউদি বাদশাহর বুহের মাগফেরাতের জন্য আগামীকাল ২৪ জানুয়ারি ২০১৫ শনিবার বাংলাদেশের সকল মসজিদে বিশেষ দোয়া অনুষ্ঠিত হবে। অন্যান্য ধর্মীয় প্রতিষ্ঠানে তাঁর আত্মার শান্তির জন্য বিশেষ প্রার্থনার আয়োজন করা হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোহাম্মদ মোশাররাফ হোসাইন ভূইঞা
মন্ত্রিপরিষদ সচিব

মোঃ নজরুল ইসলাম (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মোঃ আলমগীর হোসেন (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd

(৫২১)

মূল্য : টাকা ৪.০০